

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ  
বিএসএল অফিস কমপ্লেক্স  
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)  
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ : ২৬ অক্টোবর, ২০২৩ খ্রি.


## প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ২৬/১০/২০২৩ খ্রিস্টাব্দ তারিখ রোজ বৃহস্পতিবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব মো: আব্দুস সোবহান এর নেতৃত্বে 'সেলিম হোটেল', সদর, বগুড়া-তে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

অভিযানকালে সেলিম হোটেল এর রান্নাঘর অত্যন্ত নোংরা ও অপরিষ্কার অবস্থায় খাদ্যদ্রব্য রান্না ও মজুদ করতে দেখা যায়। রেস্টুরেন্টের রেফ্রিজারেটরে কাচাঁ ও রান্না করা খাবারসহ পঁচা-বাসি খাবার যথাযথ লেবেল সংযোজন ব্যতিরেকে মজুদ করতে দেখা যায়। এছাড়াও বাধ্যতামূলক নিবন্ধনের ব্যত্যয় ঘটিয়ে অনিবেক্ষিত অবস্থায় পরিচালনা করতে দেখা যায়। এসকল অপরাধে নিরাপদ খাদ্য আইন অনুযায়ী প্রতিষ্ঠানটিকে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা অর্থদণ্ড প্রদান করা হয় এবং তা আদায় করা হয়।

অভিযান পরিচালনাকালে 'সেলিম হোটেল' কর্তৃপক্ষকে খাদ্যদ্রব্য সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, মজুদ ও বিক্রয়ে নিরাপদ খাদ্য আইনের সংশ্লিষ্ট বিধি অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, খাদ্য সংরক্ষণ ও ভোক্তাদের স্বাস্থ্য ঝুঁকি এড়াতে নিয়ম মানতে নির্দেশনা দেয়া হয় এবং নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে করণীয় সম্পর্কে দিকনির্দেশনা সংবলিত পোস্টার প্রদান করা হয়।

অভিযানকালে জনাব মো: রাসেল, নিরাপদ খাদ্য অফিসার, বগুড়া; মো: আসলাম উদ্দিন, মনিটরিং অফিসার; জনাব রাম চন্দ্র সাহা, নিরাপদ খাদ্য পরিদর্শক, বগুড়া; জনাব ভবেষ রায়, নিরাপদ খাদ্য পরিদর্শক, সদর, বগুড়া ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং বগুড়া জেলা পুলিশ সদস্যবৃন্দের একটি চৌকস টিম উপস্থিত ছিলেন।

  
২৬/১০/২০২৩

(মোঃ আখতার মামুন)  
অতিরিক্ত পরিচালক  
প্রয়োগ অনুবিভাগ

ই-মেইল: adddirector.enforcement@bfsa.gov.bd

ফোনঃ ০২-২২২২২২৩৬০১

### বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।